দ্বারে কেন দিলে নাড়া ওগো মালিনী !
কার কাছে পাবে সাড়া ওগো মালিনী ॥
তুমি তো তুলেছ ফুল, গেঁথেছ মালা,   আমার আঁধার ঘরে লেগেছে তালা ।
খুঁজে তো পাই নি পথ, দীপ জ্বালি নি ॥
ওই দেখো গোধূলির ক্ষীণ আলোতে
দিনের শেষের সোনা ডোবে কালোতে ।
আঁধার নিবিড় হলে আসিয়ো পাশে,   যখন দূরের আলো জ্বালে আকাশে
অসীম পথের রাতি   দীপশালিনী ॥

---

Parjaay: Prem, Taal: Dadra, Raag: Basant-Bahar
Visit www.geetabitan.com for notation and other detail